

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৯.৯৯.০০১.১৯.১০৩

তারিখ: ২ আষাঢ়, ১৪২৭
১৬ জুন ২০২০

বিষয়: কোভিড-১৯ সংক্রমণ পরীক্ষায় খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-কে নির্দেশনা প্রদান।

সূত্র: স্মারক নং- ০৫.৪৪.০০০০.০১৫.১৩.০০১.২০.৪৩৮/সি, তারিখ: ০৯.৬.২০২০, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।

খুলনা বিভাগে প্রতিদিন কোভিড - ১৯ আক্রান্ত রোগীর সংখ্যা জ্যামিতিক হারে বৃদ্ধি পাচ্ছে। খুলনা মেডিকেল কলেজ হাসপাতালের একমাত্র RT - PCR মেশিনের মাধ্যমে করোনা সনাক্তকরণের কাজ চলমান রয়েছে। চাহিদার তুলনায় খুলনায় RT - PCR মেশিনের স্বল্পতা থাকায় দ্রুত করোনা-আক্রান্ত রোগী সনাক্তকরণ ব্যাহত হচ্ছে।

২। দেশে কোভিড-১৯ সংক্রমণ শুরু হওয়ার পর বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয় কর্তৃক তাদের ল্যাবে সংক্রমণ পরীক্ষার উদ্যোগ গ্রহণ করে। যেমন, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ভেটেরিনারি অ্যান্ড অ্যানিম্যাল সায়েন্স বিশ্ববিদ্যালয় - চট্টগ্রাম, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় - সিলেট। ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়সমূহ পরীক্ষা কার্যক্রম শুরু করেছে।

৩। এমতাবস্থায়, দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের ন্যায় মহামারী কোভিড - ১৯ সংক্রমণ পরীক্ষার লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তরকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬-৬-২০২০

নীলিমা আফরোজ

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭২১৮৫

ইমেইল: ds_univ1@moedu.gov.bd

উপাচার্য,

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৯.৯৯.০০১.১৯.১০৩/১

তারিখ: ২ আষাঢ়, ১৪২৭
১৬ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১৬-৬-২০২০

নীলিমা আফরোজ

সিনিয়র সহকারী সচিব